

তাগিদপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.১১২.২০১৬-৭৬২

তারিখ : ১২ জুন ২০১৭

বিষয়: উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদে নির্বাচন অনুষ্ঠান।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০৪৬.০১৮.০০.০০.১১২.২০১৬-১৮০৮; তারিখ : ২২ ডিসেম্বর ২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ডিসেম্বর ২০১৫ হতে দেশের বিভিন্ন ইউনিয়ন পরিষদ এবং জুন ২০১৬ হতে বিভিন্ন পৌরসভার নির্বাচন সম্পন্ন হয়েছে। ফলে উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্যদের পদ শূন্য হয়েছে। তদ্ব্যপেক্ষিতে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৬(খ) অনুযায়ী উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্যদের শূন্য পদে নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয় (কপি সংযুক্ত)। কিন্তু উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্যদের শূন্য পদে নির্বাচন অনুষ্ঠিত হয়নি।

২। এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৬(খ) অনুযায়ী উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্যদের শূন্য পদে নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি : .....পাতা।

J.M. in  
(ড. জুলিয়া মর্জিন)  
উপসচিব

ফোন : ৯৫৬২২৪৭

সচিব  
নির্বাচন কমিশন সচিবালয়  
আগারগাঁও, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার (সকল),.....বিভাগ।
- ২। জেলা প্রশাসক (সকল), .....জেলা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল),.....জেলা।
- ৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),.....উপজেলা পরিষদ,.....জেলা।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল),.....উপজেলা,.....জেলা।
- ৮। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।